খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০১, ০২, ০৩ ও ০৪)

স্মারক নং: খুবি/প্রশা-৯৬/৯১- ৬৬১ তারিখ: ২৪-১১-২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	ডিসিপ্লিন	শূন্য পদের সংখ্যা
১.	অধ্যাপক (গ্রেড-০৩)	ডিভেলপমেন্ট স্টাডিজ	০২ (দুই) টি
২.	প্রভাষক (গ্রেড-০৯)	ব্যবসায় প্রশাসন	০২ (দুই) টি
		কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	০১ (এক) টি
		ফরেস্ট্রি এন্ড উড্ টেকনোলজি	০১ (এক) টি
		হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট	০১ (এক) টি
		নগর ও গ্রামীণ পরিকল্পনা	০১ (এক) টি
৩.	উপ-পরিচালক (শারীরিক শিক্ষা) (গ্রেড-০৫)		০১ (এক) টি
৪.	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গ্রেড-০৫)		০১ (এক) টি
৫.	সিনিয়র সায়েন্টেফিক অফিসার (গ্রেড-০৬)		০১ (এক) টি
৬.	সায়েন্টেফিক অফিসার (গ্রেড-০৯)		০১ (এক) টি
৭.	প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০)		০১ (এক) টি
৮.	হিসাব সহকারী (গ্রেড-১৩)		০১ (এক) টি
৯.	ড্রাইভার (গ্রেড-১৫)		০১ (এক) টি
১০.	অফিস এ্যাসিস্ট্যান্ট কাম কম্পিউটার টাইপিস্ট (গ্রেড-১৬)		০১ (এক) টি
১১.	ল্যাব সহকারী/সহকারী ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১৬)		০১ (এক) টি
১২.	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)		০২ (দুই) টি
১৩.	মালী (গ্রেড-২০)		০৩ (তিন) টি
১৪.	ক্লিনার (গ্রেড-২০)		০২ (দুই) টি
১৫.	জিআইএস ল্যাব হেলপার/ল্যাব হেলপার (গ্রেড-২০)		০১ (এক) টি

নিয়মাবলী :

১। আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র এবং নিয়ামাবলীর ০৪ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদি PDF আকারে ডাউনলোড করত: প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ক্রমিক ১ থেকে ৭ নম্বর পর্যন্ত ১০ (দশ) সেট এবং ক্রমিক ৮ থেকে ১৫ নম্বর পর্যন্ত ০৩ (তিন) সেট আবেদনপত্রের হার্ডকপি ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আবেদন ফি বাবদ ক্রমিক ১ থেকে ৬ নম্বরের ক্ষেত্রে ৬০০/- (ছয়শত) টাকা, ক্রমিক ৭ নম্বরের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, ক্রমিক ৮ থেকে ১১ নম্বরের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক ১২ থেকে ১৫ নম্বরের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করে পেমেন্ট স্লিপ যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে।

২। খামের উপর অবশ্যই পদের নাম এবং ডিসিপ্লিনের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।

৩। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪। **প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:**

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
(খ) সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি
(গ) জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি
(ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
(ঙ) ক্রমিক ৭, ৮ ও ১০ নম্বর পদের জন্য কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে

৫। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও আবেদনের জন্য বিবেচিত হবেন না।

৬। আবেদনপত্র আগামী **২৬-১১-২০২৬ থেকে ১৩-১২-২০২৬** খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (বিকাল ৪:০০ টার মধ্যে) ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে। অন্যথায় তার আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৭। কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থদন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন করতে হবে।

৮। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। উপরোক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১০। নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। ক্রমিক নং ২ এ প্রভাষক পদে ০৬-০৫-২০২৬ খ্রি. তারিখে ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২৪/১১/২৬

(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
E-mail: registrar@ku.ac.bd

E:\PC01\Adver. (Tea)02.doc